# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,


স্মারক নং- ৫৪/০৭-৬২০৬৪

তারিখ: ৩১.০৭.২০২৫

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সংক্রান্ত বিজ্ঞপ্তি**

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের অনার্স (প্রফেশনাল) বিষয় ঃ বিবিএ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ৩১/০৭/২০২৫ থেকে ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.তারিখ থেকে শুরু হবে।

**ভর্তির যোগ্যতা:** ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক/বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) নূন্যতম জিপিএ ২.৫ এবং ২০২০/২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) নূন্যতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ক) এইচএসসি (ভোকেশনাল) খ) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) গ) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এছাড়াও O-Level/ A-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Professional Tab-এ গিয়ে Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত কোর্স পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদশিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

বিস্তারিত জানতে ভিজিট করুন: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd).

স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যতীত) ৮০০/- (আটশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে ০১/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। **বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে।** উল্লিখিত বিকাশ নম্বরে পেমেন্ট সিলেক্ট করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে। অন্য কোন ভাবে উক্ত ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

**অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
২। টাকার পরিমাণ দিন ৮০০+১০ (বিকাশ চার্জ) ৮১০ টাকা। ৮১০ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৩। রেফারেন্স হিসেবে স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তির রোল নম্বর এন্ট্রি দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৪। বিকাশে পেমেন্ট সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

*২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
৩। আবেদন ফি বাবদ ৮০০+১০ (বিকাশ চার্জ) ৮১০ টাকা এন্ট্রি দিন।
৪। রেফারেন্স হিসেবে স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৫। কাউন্টার নম্বর ১ লিখে সেন্ড করুন এবং আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেন্ড করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেয়া যাবে।

যে সকল শিক্ষার্থী ৮০০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পরবর্তী কর্মদিবসে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে। নিশ্চয়ন না হলে শিক্ষর্থীদেরকে কলেজে যোগাযোগ করতে হবে। নিশ্চয়ন না হলে ভর্তির যোগ্য হবে না।

৩১/৭/২৫